লংগদুতে প্রীতিফুটবল ম্যাচ

লংগদু প্রতিনিধি:

রাঙামাটির লংগদুতে নিরাপত্তাজোনের উদ্যোগে এক প্রীতি ফুটবল ম্যাচ অনুষ্ঠিত হয়েছে।

১১জানুয়ারি, বিকালে নিরাপত্তা জোনের মাইনীমুখ আর্মীক্যাম্প মাঠে আয়োজিত প্রীতি ফুটবল ম্যাচে মাইনীমুখ ইউনিয়ন একাদশ বনাম নিরাপত্তা জোন একাদশের মধ্যে অনুষ্ঠিত খেলায় জোন একাদশ ৩-০ গোলে জয়লাভ করে। জোনের খেলোয়াড় সৈনিক মুকুল একাই দুইটি গোল করে দলকে জিতিয়ে দেন।

খেলায় প্রধান অতিথি হিসেবে পুরস্কার বিতরণ করেন, লংগদু জোনের জোন কমান্ডার লে. কর্নেল আ. আলীম চৌধুরী।

এসময় তিনি বলেন, খেলাধুলা একটি ভালো বিনোদন। তাই, এর চর্চা থাকা প্রয়োজন। তাছাড়া খেলাধুলার এলাকায় পারস্পরিক সৌহার্দপূর্ণ পরিবেশ তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। তিনি আরো বলেন, আমাদের সকলের মনে রাখতে হবে সৌহার্দপূর্ণ ও স্থিতিশীল পরিবেশ বজায় না থাকলে এলাকায় উন্নয়নও হয়না।

অন্যান্যদের মধ্যে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জোনের ভারপ্রাপ্ত উপ-অধিনায়ক মেজর মো. আসিফুল ইসলাম, মেজর মো. সাকিব, মেজর মো. আবু সাঈদ হোসেন, লেপ্টেন্যান্ট মো. শাহরিয়ার।

প্রীতি ফুটবল ম্যাচ দেখতে জোনের মাঠে প্রচুর দর্শক সমাগম ঘটে।